

উচ্চ শিক্ষা বিস্তারের নামে কিছু দুর্নীতিগ্রস্ত লোক ডিগ্রি বিক্রির দোকান খুলেছে

---- ইউজিসি চেয়ারম্যান

■ কুমিল্লা প্রতিনিধি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেছেন, শুধু শিক্ষা সনদ থাকলেই হবে না, জীবনে সাফল্য আনতে হলে দক্ষতা বাড়াতে হবে। দেশে উচ্চ শিক্ষা বিস্তারের প্রচেষ্টার সুযোগ নিয়ে কিছু অসৎ ও দুর্নীতিগ্রস্ত লোক ডিগ্রি বিক্রির দোকান খুলেছে; কিন্তু টাকায় কেনা এই ডিগ্রির ৫ টাকারও মূল্য নেই। তিনি বলেন, শিক্ষার মাধ্যমে দক্ষতা অর্জন করতে হবে এবং যোগ্য কিনা তা প্রমাণ করতে হবে। বাংলার পাশাপাশি ইংরেজিও সমান গুরুত্ব দিয়ে শিখতে হবে এবং পারলে আরো একটি ভাষায় দক্ষতা অর্জন করতে হবে। বহির্বিষে নানা ক্ষেত্রে নিজের অবস্থান তৈরি করতে ভূমিকা রাখবে। গতকাল শনিবার কুমিল্লা সেনানিবাসের ক্যাম্পাসে বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বাইউস্ট) আয়োজিত 'প্রোস্পেক্ট এন্ড চ্যালঞ্জস অব হায়ার এডুকেশন ইন বাংলাদেশ : বাইউস্ট প্রোস্পেক্টিভ' শীর্ষক দুই দিনব্যাপী ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রফেসর আবদুল মান্নান আরো বলেন, বাংলাদেশে ৬ লাখ বিদেশি কাজ করে। তারা বাংলাদেশ থেকে বছরে ৫ বিলিয়ন ডলার নিয়ে যাচ্ছে আর ৮০ লাখ বাংলাদেশি বিশ্বের বিভিন্ন দেশে কাজ করে বছরে ১৪ বিলিয়ন দেশে প্রেরণ করে। কম সংখ্যক বিদেশি দক্ষ বলে তারা বেশি রেমিটেন্স নিয়ে যাচ্ছে আর আমরা বেশি লোক হয়েও কম রেমিটেন্স আনছি। সঠিক শিক্ষা দিতে আমরা ব্যর্থ হয়েছি। আমরা দক্ষ ও যোগ্য জনবল গড়ে তুলতে পারিনি। ওয়ার্কশপে স্বাগত বক্তব্য রাখেন বাইউস্ট-এর ডিসি ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ইলিয়াস ইফতেখার রসুল। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রিটানিয়া ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ডিসি প্রফেসর মতিউর রহমান, সিসিএন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিসি প্রফেসর ড. মো. মোশাররফ হোসেন, ফেনী বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. মো. সাইফুদ্দিন শাহ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাইউস্ট-এর রেজিস্ট্রার কর্নেল (অব.) এ এইচ এম কামাল, ড. ওয়াহিদা কামাল লস্কর। দুই দিনব্যাপী ওয়ার্কশপে বাইউস্টের শিক্ষকরা অংশ নেন। তাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রাশেদ উজ্জ্বল জামানসহ বানামধ্য অধ্যাপকরা প্রশিক্ষণ দেবেন।

ব্যাংক	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চ'ফ, পরিসংখ্যান বিভাগ	
ঢাক, ডি.এল.পি বিভাগ	
ডিস্ট্রিক্ট এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/স্বাক্ষরার্থে	

স্বাক্ষর